গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

# জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সভা

সভাপতি : মোঃ ফসিউল্লাহ্ মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
তারিখ : ১০সেপ্টেম্বর ২০২০
সময় : বেলা ১২:০০ ঘটিকা
স্থান : মাল্টিপারপাস হলে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

**আলোচ্য বিষয়:**

১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর অগ্রগতি এবং করণীয় বিষয়ে পর্যালোচনা;
২। বিবিধ।

সভার উপস্থিতি: পরিশিষ্ট-ক-তে সংযোজিত।

মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সম্মতিক্রমে সভা শুরু করা হয়। সভায় পরিচালক (প্রশাসন) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সভার আলোচ্যসূচি অনুসারে আলোচনার জন্য জনাব রোখসানা হায়দার, শিক্ষা অফিসার (প্রশাসন) কে নির্দেশনা দেন। সভায় অতিরিক্ত মহাপরিচালক, পরিচালকবৃন্দ, উপপরিচালকবৃন্দ ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। নিম্নের বিষয়গুলো সভায় আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| ক্র:নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর অগ্রগতি এবং করণীয় বিষয়ে আলোচনা | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়ন পূর্বক ইতোমধ্যেই মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। কর্মপরিকল্পনা মোতাবেক শুদ্ধাচার সংক্রান্ত সভাগুলো নিয়মিত করা হচ্ছে মর্মে সভায় জানানো হয়। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মপরিকল্পনা ২০২০-২০২১ মোতাবেক কার্যক্রমগুলো বিষদ আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় : |
| | | কর্মপরিকল্পনার ২ নং ক্রমিকে **দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন বিষয়ে** সরকারী চাকরি আইন ২০১৮ এবং সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর উপর প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত নেয়া হয়েছে। একটি ব্যাচ ০৯-১০ সেপ্টেম্বর/২০২০ এবং দ্বিতীয় ব্যাচ ১৬-১৭ সেপ্টেম্বর/২০২০ তারিখে অনুষ্ঠিত হবে মর্মে সভায় জানানো হয়। | ২. প্রশিক্ষণ কার্যক্রমগুলো নির্দিষ্ট সময়ের মধ্যে সমাপ্ত করা এবং লব্ধ জ্ঞান কর্মক্ষেত্রে প্রয়োগ নিশ্চিত করতে হবে।<br>বাস্তবায়ন : সকল পরিচালক । |
| | | **৩ নং ক্রমিকে** শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ পরিপত্র প্রণয়ন সংক্রান্ত আলোচনায় অনলাইনে **শিক্ষক বদলী নীতিমালার সফটওয়ার প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে এবং প্রাথমিক শিক্ষা বোর্ড আইন, ২০২০ (খসড়া) প্রস্তুত করে** প্রাগম তে প্রস্তাব প্রেরণ করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। | ৩. অনলাইনে শিক্ষক বদলী নীতিমালা দ্রুত বাস্তবায়নে পরিচালক (পলিসি এনড অপারেশন) প্রাগম এর সাথে যোগাযোগ অব্যাহত রাখবেন। প্রাথমিক শিক্ষা বোর্ড আইন, ২০২০ এর প্রস্তাবিত আইনটি চূড়ান্ত করণে পরিচালক (প্রশাসন) প্রাগম এর নির্দেশনা অনুসারে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। |
| | | ৪ নং ক্রমিকে **ওয়েবসাইটে সেবাবক্স নিয়মিত হালনাগাদ করা হচ্ছে মর্মে সভায় অবহিত করা হয়।** এছাড়া বিভিন্ন ধরনের সেবা গ্রহণে জরুরী হটলাইন নম্বরগুলো (জরুরী সেবা ৯৯৯, তথ্য ও সেবা ৩৩৩ নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ ১০৯,দুদক ১০৬,দুর্যোগ ১০৯০,করোনা ১৬২৬৩) ওয়েবসাইটে নিয়মিত আপলোড করা হয়েছে এবং করোনা ইনফো, করোনা আপডেট , করোনা তথ্য বাতায়ন, ডিপিই ওয়েবসাইট আপলোড করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | ৪ নং ক্রমিকে ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদের কার্যক্রম নিয়মিত করা এবং সকল তথ্য সময়মত আপলোড করার বিষয়ে পরিচালক (আইএমডি) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |

| | | | |
|---|---|---|---|
| | | **৬.নং ক্রমিকে প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার** বিষয়ক আলোচনায় বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন করা হয়েছে ।এডিপি বাস্তবায়ন অগ্রগতি, প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন, পরিবীক্ষণ এবং পরিদর্শন অব্যাহত রয়েছে । প্রতিবেদনের সুপারিশসমূহ বাস্তবায়নের নিমিত্তে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণকে ইতোমধ্যেই পত্র প্রদান করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | ৬. প্রকল্প পরিদর্শন অব্যাহত রাখা এবং সুপারিশসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ ব্যবস্থা গ্রহণ করবেন এবং |
| | | **৭ নং ক্রমিকে** ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার বিষয়ক ২০-২১ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইট প্রকাশ এবং ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন করা হচ্ছে মর্মে সভায় আলোচনা করা হয়। | ৭. ই-টেন্ডারের মাধ্যমে ক্রয়কার্য সম্পন্ন করার জন্য পরিচালক (প্রকিউরমেন্ট) যথাযথ ব্যবস্থা নিবেন । |
| | | **৮ নং ক্রমিকে স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ** বিষয়ক আলোচনায় সিটিজেনস্ চার্টার অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। মাঠপর্যায়ে সকল প্রতিষ্ঠানে সিটিজেনচার্টার হালফিল করে দৃশ্য মান স্থানে প্রদর্শনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৮. সিটিজেনস্ চার্টার অনুযায়ী সকল কার্যক্রম যথাসময়ে নিষ্পন্ন করা এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরসহ মাঠপর্যায়ের সকল অফিস/প্রতিষ্ঠানে সিটিজেন চার্টার হালফিল করে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে।<br>বাস্তবায়ন : পরিচালক (প্রশাসন) |
| | | **৯ নং ক্রমিকে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম হিসাবে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের** হেল্পডেস্ক এ একটি হটলাইন নম্বর স্থাপনে পরিকল্পনা রয়েছে মর্মে সভায় আলোচনা করা হয়।মহাপরিচালক,প্রাথমিক শিক্ষা অধিদপ্তর একটি সহজে মনে রাখা যায় এমন একটি নম্বর টেলিটকের সাথে যোগাযোগ করে নির্ধারণ করার বিষয়ে প্রস্তাবনা দেন। | হেল্পডেস্কে একটি হটলাইন নম্বর স্থাপনে টেলিটকের সাথে পরিচালক (আইএমডি) ও পরিচালক (প্রশাসনা) যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |

২। বিবিধ বিষয়ে কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি করেন।


(মোঃ ফসিউল্লাহ্)
মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
ই-মেইল: dgprimarybd@gmail.com
ফোন:৫৫০৭৪৭৭৭


স্মারক নং-৩৮.০০.০০০০.১০৭.০০৬.০৩-২০২০ – ১০৬

তারিখ: ৩০ ভাদ্র, ১৪২৭
১৪ সেপ্টেম্বর, ২০২০

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

১। অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৩। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, ঢাকা/ রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ চট্টগ্রাম/ময়মনসিংহ বিভাগ।
৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট (আইএমডি),প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটের শুদ্ধাচার বক্সে আপলোড করার জন্য)
৬। অফিস কপি।


মোঃ দেলোয়ার হোসেন
উপপরিচালক (সংস্থাপন)
ই-মেইল: ddestabdpe@gmail.com
ফোন: ৫৫০৭৪৯২৩